

অপেক্ষায় থেকে

মাহমুদা রু্নু

আমার জন্য অপেক্ষায় থেকে -- ।
আপেক্ষায় থেক বিস্মিত বিস্ময়ে ।

প্রত্যাশার মশাল জ্বলতে জ্বলতে
সলতে ফুরোয়;
গন্তব্য পথ বেধে নেয়
বৈপরিত্যে বিপাক বিস্ময়ে !!

আভ্যন্তরীণ গোলযোগ ।
অন্তরীণ রক্তক্ষরণ ।
বিচিত্র বৈচিত্রে এক মানুষে
বাস অসংখ্য মুখোস ।
জাগতিক প্রবর্তনে উন্মুক্ত
যখন যেখানে যেমন ।

আমার জন্য অপেক্ষায় থেকে --- ।
আমার এখন বিশুদ্ধ রক্তের প্রয়োজন
রক্তের গ্রুপ - “মহতী প্রেরনা“ ।
জ্ঞানপাপীর মুখোসে
সুক্ষ-মানবিক মানসিক নীল গরল
রক্তের আঙ্গুরলতায় ঢুকে পরেছে
নাশ —
বিন্যস্ত শিরা-উপশিরার প্রবাহে ।

আমি বংগপোসাগরের উর্মির কাছে
প্রার্থনা করেছি প্রমত্ত গর্জন ,
চেয়েছি হিমালয়ের কাছে করজোড়ে ভিক্ষা ।
“প্রথিত কর গ্রথিত কর
শীলায়িত সত্য-তথ্য-তত্ত্ব
রক্তের আঙ্গুরলতায় “ ।

অবিশ্বর পৃথিবীর নশ্বর এ জীবনের জন্য
প্রয়োজন শীলায়িত মহতী প্রেরনা ।
আমার জন্য অপেক্ষা করো --- ।
যেওনা অচেনা স্রোতের অদেখা প্রাচুর্য

বন্যায় ভেসে ।
অপেক্ষায় উপেক্ষিত করোনা ।
রেখে দাও আশির্বানী আমার জন্য ।
অসংখ্য তোমাদের প্রাণের মূল্যে কেনা
আমার জন্য ।

মুখোশের মুখোমুখি মূর্খ
মগ্ন বৈষম্যে পরাজয় নামক ক্রেষ্ট ---
হাতে ধরবার ঠিক এক মুহূর্ত আগে
জেনে গেছি---
আমার প্রয়োজন বিশুদ্ধ রক্তের ।

আমি প্রকৌশলের তাবদ কৌশল
খুঁজে খুঁজে পেয়েছি
এক অবিস্মরণীয় বিশুদ্ধ রক্ত-প্রবাহ
রক্তের গ্রুপ - “মহতী প্রেরনা“ ।

আমার জন্য অপেক্ষা করো --- ।
জীবন ধারার আঙ্গুরলতায়
আমি বিমূর্ত ---
সুন্দরবনের মায়াবী অরন্যে,
সৈকতের অসীম বালুকায়,
সুরমার সুরম্যে,
বুড়িগঙ্গার বিরাটত্বে,
পদ্মার পল্লবে ।

আমি তোমাদের অমূল্য অগনিত প্রাণের মূল্যে
কেনা ---
স্বর্গীয় প্রেমের নৈসর্গিক বিস্ময় !!
বিমুগ্ধ চেতনা ।
মহতী প্রেরনা ।
অপেক্ষায় থেকে, অপেক্ষায় থেকে ॥ ॥ ॥ ॥ ॥
বিমুগ্ধ বিস্ময়ে অপেক্ষায় থেকে ।

২৪মে ২০০৭